

প্রবাসী ভোটারদের রেজিস্ট্রেশন সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রবাসে ভোট প্রদানের জন্য রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান আছে যার আগামী ২৫ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত চালু থাকবে। তুরস্কে বসবাসরত সকল প্রবাসী যাদের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) আছে তাদেরকে প্লে স্টোর বা এ্যাপ স্টোর থেকে **Postal Vote BD** অ্যাপটি ডাউনলোড করে অনতিবিলম্বে রেজিস্ট্রেশন সম্পাদনের জন্য অনুরোধ জানানো হচ্ছে।

২৫ ডিসেম্বর পর্যন্ত অত্র কনসুলেটে আগত সেবাপ্রার্থী প্রত্যেক বাংলাদেশী যাদের ভোটার আইডি আছে তাদেরকে রেজিস্ট্রেশনের জন্য **কনসুলেটের অভিজ্ঞ স্টাফগণ সহায়তা** করবেন। তাই কনসুলেটে আসার সময় আপনার এনআইডি ও পাসপোর্টের মূল কপি অথবা ফটোকপি সংগে নিয়ে আসবেন।

কনসুলেটে যারা রেজিস্ট্রেশন করবেন তারা চাইলে ব্যালট প্রাপ্তির ঠিকানা হিসেবে কনসুলেটের ঠিকানা ব্যবহার করতে পারবেন। তবে এ ঠিকানায় ব্যালট আসলে ভোটারকে নিজ দায়িত্বে তা কনসুলেট থেকে সংগ্রহ করতে হবে।

- আপনি নিজে নিবন্ধন সম্পন্ন করুন।
- আপনার পরিচিত সকল প্রবাসীকে বিষয়টি অবহিত করুন।
- নিবন্ধনের জন্য একে অপরকে সহায়তা করুন।

এ প্রসঙ্গে উল্লেখ্য,

- ✓ নিবন্ধনের জন্য আপনার নিজের টাচ / স্মার্ট মোবাইল সেট থাকা অত্যাাবশ্যিক নয়। অন্য কারো মোবাইল সেটের সহায়তা নিতে পারেন। তবে আপনার নিজের তুর্কী মোবাইল সিম নাম্বার প্রয়োজন হবে যা আপনার রেজিস্ট্রেশন আইডি হবে।
- ✓ যারা ইতোমধ্যে নিবন্ধন করেছেন তারা একই মোবাইল সেটের মাধ্যমে অন্য ভোটারদেরও নিবন্ধন করে দিতে পারবেন।
- ✓ যারা নিজেরা ভোটার নন, তারাও অন্য কোন ভোটারকে রেজিস্ট্রেশন করিয়ে দিতে পারবেন, তবে মোবাইল সিমটি ভোটারের নিজের হতে হবে।